| শিক্ষকের আলোচ্য | বাংলা সাহিত্যের মধ্যযুগ- শ্রীকৃষ্ণ কীর্তন, বৈষ্ণব পদাবলি ও মঙ্গলকাব্য |
|---|---|

## শ্রীকৃষ্ণকীর্তন কাব্য বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| বিশেষত্ব | ▣ মধ্যযুগের বাংলা সাহিত্যের আদি নিদর্শন।<br>▣ খাঁটি বাংলা ভাষায় রচিত প্রথম নিদর্শন।<br>▣ বাংলা ভাষায় কোন একক লেখকের রচিত প্রথম বাংলা কাব্য গ্রন্থ। |
| ভাষা | ▣ খাঁটি বাংলা ভাষায় রচিত। |
| রচয়িতা | ▣ বড়ু চ-ীদাস। তার ডাকনাম ছিল অনন্ত।<br>▣ তিনি আনুমানিক চতুর্দশ শতকের কবি।<br>▣ তিনি বাংলা সাহিত্যের মধ্যযুগের আদি কবি। |
| রচনাকাল | ▣ চতুর্দশ শতাব্দীর শেষ দিকে।<br>▣ ড. মুহম্মদ শহীদুল্লাহ-এর মতে কাব্যটি ১৩৪০-১৪৪০ সালের মধ্যে রচিত। |
| আবিষ্কার এবং আবিষ্কারক | ▣ ১৯০৯ সালে বসন্তরঞ্জন রায় কর্তৃক ভারতের পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাঁকিল্যা গ্রামের এক গৃহস্থ বাড়ির গোয়ালঘর থেকে।<br>▣ অযত্নে রক্ষিত থাকায় আবিষ্কারকালে এর প্রথম এবং শেষাংশের কিছু অংশ পাওয়া যায়নি।<br>▣ বসন্তরঞ্জন রায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক এবং পুঁথিশালার অধ্যক্ষ ছিলেন।<br>▣ তাঁর উপাধি ছিল 'বিদ্বদ্বল্লভ'। তাঁকে এই উপাধি দেন- ভূবনমোহনের অধ্যক্ষ। |
| নামকরণ | ▣ বসন্তরঞ্জন রায় কর্তৃক আবিষ্কৃত পুঁথিতে এর নাম পাওয়া যায় 'শ্রীকৃষ্ণসন্দর্ভ'।<br>▣ প্রকাশকালে আবিষ্কারক এবং সম্পাদক বসন্তরঞ্জন রায় এর নামকরণ করেন 'শ্রীকৃষ্ণকীর্তন'। |
| প্রকাশ | ▣ এটি বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় ১৯১৬ সালে প্রকাশিত হয়।<br>▣ এটি প্রকাশিত হয় কলকাতা বঙ্গীয় সাহিত্য পরিষৎ থেকে। |
| উপজীব্য এবং অন্যান্য | ▣ রাধাকৃষ্ণের প্রেমকাহিনীর উপর নির্ভর গ্রাম্য গল্প থেকে এটি রচিত হয়।<br>▣ এর প্রধান চরিত্র তিনটি - রাধা, কৃষ্ণ ও বড়ায়ি।<br>▣ বড়ায়ি এক চুল পাকা মহিলা চরিত্র যাকে রাধা কৃষ্ণের প্রেমের অনুঘটক বলা হয়।<br>▣ ১৩টি খ- বিভক্ত এই গ্রন্থে ৪১৫টি পদ আছে। |

## বৈষ্ণব পদাবলি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| পদ বা পদাবলি | ▣ পদ বা পদাবলি বলতে সাধারণত শ্রীকৃষ্ণ ও শ্রী চৈতন্যের লীলাকথা নিয়ে গান করার জন্য রচিত কমনীয় কবিতাকে বোঝায়।<br>▣ এটি একাধারে সাহিত্য ও সাধনার অবলম্বন।<br>▣ দ্বাদশ শতকে জয়দেব 'গীতগোবিন্দ' কাব্যে 'পদাবলি' শব্দটি ব্যবহার করেন। |
| বিশেষত্ব | ▣ মধ্যযুগের বাংলাসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন।<br>▣ এতে রাধাকৃষ্ণের প্রেমলীলা, জীবাত্মা ও পরমাত্মার রূপক উপস্থাপিত।<br>▣ এতে স্রষ্টা ও সৃষ্টির মধ্যে সম্পর্ক দেখানো হয়েছে। |
| ভাষা | ▣ বৈষ্ণব পদাবলি মূলত রচিত হয় ব্রজবুলি ভাষায়।<br>▣ বাংলা এবং সংস্কৃত ভাষায়ও বৈষ্ণব পদাবলি রচিত হয়েছিল। |
| ব্রজবুলি ভাষা | ▣ ব্রজবুল একটি কৃত্রিম কবিভাষা।<br>▣ এই ভাষার স্রষ্টা মিথিলার কবি বিদ্যাপতি। |
| রচয়িতা | ▣ শ্রীকৃষ্ণের অনুসারী তথা বৈষ্ণব কবিগন বৈষ্ণব পদাবলির রচয়িতা।<br>▣ বৈষ্ণব পদাবলির আদিকবি মিথিলার কবি বিদ্যাপতি। বিদ্যাপতির উপাধি কবি কণ্ঠহার, মিথিলার কোকিল।<br>▣ বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি কবি চ-ীদাস।<br>▣ অন্যান্য গুরুত্বপূর্ণ পদাবলির কবিদেও মধ্যে আছেন জয়দেব. জ্ঞানদাস, গোবিন্দদাস প্রমুখ।<br>▣ আধুনিক কবিদের মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুরও পদাবলি রচনা করেন। |
| রচনাকাল | ▣ চতুর্দশ শতাব্দীর শেষ দিক থেকে এই বৈষ্ণব পদাবলি রচিত হতে থাকে। |

| | |
|---|---|
| উপজীব্য এবং অন্যান্য | ▣ বৈষ্ণব পদাবলি হল বৈষ্ণবীয় ধর্মের গূঢ় রহস্য বিষয়ে রচিত পদ ।<br>▣ বৈষ্ণব পদাবলির প্রথম সংকলক বাবা আউল মনোহর দাস ।<br>▣ এতে পাঁচটি রস আছে- শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর । |

## মঙ্গলকাব্য বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| | |
|---|---|
| পরিচয় | ▣ যে কাব্যের কাহিনি শ্রবণ করলে সর্ববিধ অকল্যাণ নাশ হয়, পূর্ণাঙ্গ মঙ্গললাভ ঘটে, তাকেই মঙ্গলকাব্য বলে ।<br>▣ এটি দেব-দেবীর মহিমা ও মাহাত্মকীর্তন নির্ভর কাব্য । |
| রচনাকাল | ▣ পঞ্চদশ শতকের শেষভাগ থেকে অষ্টাদশ শতকের শেষার্ধ । |
| প্রকারভেদ | ▣ মঙ্গলকাব্যের ২টি শাখা রয়েছে যথা –(১) পৌরাণিক মঙ্গলকাব্য ও (২) লৌকিক মঙ্গলকাব্য । |
| শাখা | ▣ মঙ্গলকাব্যের প্রধান শাখা ৩টি । এগুলো হলো: মনসামঙ্গল, চ-ীমঙ্গল এবং অন্নদামঙ্গল ।<br>▣ অন্যান্য শাখা সমূহের মধ্যে রয়েছে- ধর্মমঙ্গল, কালিকামঙ্গল, রায়মঙ্গল, সারদামঙ্গল প্রভৃতি । |
| মনসামঙ্গল কাব্য | ▣ মঙ্গলকাব্যের প্রাচীনতম ধারা ।<br>▣ মনসামঙ্গল কাব্যকে পদ্মপুরাণ ও বলা হয় ।<br>▣ সর্পের দেবী মনসার গুণকীর্তন করে তার পূজা প্রচলনের উদ্দেশ্যে এই কাব্য ।<br>▣ আদি কবি কানাহরিদত্ত এবং শ্রেষ্ঠ কবি বিজয়গুপ্ত ।<br>▣ মনসামঙ্গল কাব্যের বাইশ জন কবিকে একত্রে বাইশা বলা হয় ।<br>▣ এর প্রধান চরিত্রগুলো হলো; বেহুলা, লখিন্দর ও চাঁদ সওদাগর । |
| চণ্ডীমঙ্গল কাব্য | ▣ দেবী চ-ীর পূজা প্রচারের কাহিনী অবলম্বনে রচিত ।<br>▣ আদি কবি মাণিকদত্ত<br>▣ শ্রেষ্ঠকবি মুকুন্দরাম চক্রবর্তী । তাঁর উপাধি কবিবাজান ।<br>▣ প্রধান চরিত্র: কালকেতু, ফুল্লরা, ধনপতি, খুল্লনা, ভাড়ু দত্ত, মুরারীশীল ইত্যাদি । |
| অন্নদামঙ্গল কাব্য | ▣ দেবী অন্নদার গুণকীর্তনে রচিত ।<br>▣ শ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র । তিনি মধ্যযুগের শেষ কবি এবং তাঁর উপাধি রায় গুণাকর ।<br>▣ তিন খ- বিভক্ত । এগুলো হলো- শিবনারায়ণ অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর কালিকামঙ্গল এবং ভবানন্দ-মানসিংহ অন্নদামঙ্গল ।<br>▣ প্রধান চরিত্র: মানসিংহ, ভবানন্দ, বিদ্যাসুন্দর, মালিনী প্রভৃতি । |
| অন্যান্য | ▣ ধর্মমঙ্গল কাব্যের প্রধান কবি ময়ূর ভট্ট ।<br>▣ কালিকামঙ্গল কাব্যের আদি কবি কবি কঙ্ক ।<br>▣ রামপ্রসাদ সেন কালিকামঙ্গল কাব্যের অন্যতম কবি । তার উপাধি কবিরঞ্জন । |

| শিক্ষকের আলোচ্য | শব্দগঠন ও বাংলা শব্দগঠন প্রক্রিয়া |
|---|---|

| শব্দগঠন প্রক্রিয়া বিষয়ক তথ্য | |
|---|---|
| শব্দগঠন | বিভিন্ন অর্থে ব্যবহারের জন্য নতুন শব্দ গড়ে তোলাকে 'শব্দগঠন' বলে। |
| শব্দগঠন প্রক্রিয়া | যে প্রক্রিয়ায় নতুন শব্দ গঠন করা যায় তাকে 'শব্দগঠন প্রক্রিয়া' বলা হয়। |
| বাংলা শব্দগঠন প্রক্রিয়া | বাংলা ভাষায় বিভিন্ন উপায়ে শব্দগঠন করা গেলেও ৬টি প্রক্রিয়াকে প্রধান শব্দগঠন প্রক্রিয়া হিসেবে বিবেচিত হয়। এগুলো হল:<br>❖ উপসর্গযোগে ❖ প্রত্যয় যোগে<br>❖ সমাসের সাহায্যে ❖ সন্ধির সাহায্যে<br>❖ শব্দদ্বৈত বা দ্বিরুক্তির সাহায্যে ❖ পদ পরিবর্তনের সাহায্যে |
| উপসর্গ যোগে শব্দগঠন | যেমন: অনাসক্তি, কুশাসন, অধিপতি, অতিমান, ইতিহাস, পরিবহণ ইত্যাদি। |
| প্রত্যয় যোগে শব্দগঠন | যেমন: জমা, রোগা, মেটে, জেলে, শৈশব, কর্তা, নাচন ইত্যাদি। |
| সমাসের সাহায্যে শব্দগঠন | যেমন: চৌরাস্তা, চাঁদমুখ, মৃগনয়না, বিলাতফেরত, মা-বাবা, দেশান্তর, প্রভাত ইত্যাদি। |
| সন্ধির সাহায্যে শব্দগঠন | যেমন: বিদ্যালয়, অত্যন্ত, মন্বন্তর, সীমন্ত, বাগাড়ম্বর, সচ্চরিত্র, তজ্জন্য, উন্নয়ন ইত্যাদি। |
| শব্দদ্বৈতের সাহায্যে শব্দগঠন | যেমন: টিপটিপ, জ্বরজ্বর, হনহন, ঝনঝন, কনকন, কলকল ইত্যাদি। |
| পদপরিবর্তনের সাহায্যে শব্দগঠন | যেমন: দারিদ্র্য/ দরিদ্রতা, উদারতা/ ঔদার্য, সৌন্দর্য, আনুষ্ঠানিক ইত্যাদি। |

| শিক্ষকের আলোচ্য | শব্দপ্রকরণ |
|---|---|

| শব্দপ্রকরণ বিষয়ক আলোচনা | |
|---|---|
| শব্দপ্রকরণ | বাংলা ভাষায় ব্যবহৃত শব্দসমূহকে বিভিন্ন দৃষ্টিকোন থেকে শ্রেণিবিভাগ করা যায়। যেমন:<br>▣ গঠনগত শ্রেণিবিভাগ,<br>▣ অর্থগত শ্রেণিবিভাগ এবং<br>▣ উৎসগত বা উৎপত্তিগত শ্রেণিবিভাগ। |
| শব্দের গঠনগত শ্রেণিবিভাগ | ❖ বাংলা শব্দকে গঠন অনুসারে দুই ভাগে বিভক্ত করা হয়। এগুলো হলো: মৌলিক শব্দ ও সাধিত শব্দ।<br>❖ **মৌলিক শব্দ:** যেমন: মা, ভাত, পথ, চল, গোলাপ, নাক ইত্যাদি।<br>❖ **সাধিত শব্দ:** যেমন: ডুবুরি, বিদ্যালয়, গায়ক, চাঁদমুখ ইত্যাদি। |
| শব্দের অর্থগত শ্রেণিবিভাগ | ❖ বাংলা শব্দকে অর্থানুসারে তিন (৩) ভাগে ভাগ করা হয়। এগুলো হলো: যৌগিক, রূঢ় ও যোগরূঢ়।<br>❖ **যৌগিক শব্দ:** গায়ক, কর্তব্য, বাবুয়ানা, মধুর, দৌহিত্র ইত্যাদি।<br>❖ **রূঢ় বা রূঢ়ি শব্দ:** হস্তী, গবেষণা, বাঁশি, তৈল, প্রবীণ, সন্দেশ ইত্যাদি।<br>❖ **যোগরূঢ় শব্দ:** রাজপুত, পঙ্কজ, মহাযাত্রা, জলধি ইত্যাদি। |
| শব্দের উৎসগত শ্রেণিবিভাগ | ❖ বাংলা শব্দকে উৎস বা উৎপত্তি অনুসারে পাঁচ ভাগে বিভক্ত করা হয়। এগুলো হলো; তৎসম, অর্ধ-তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি।<br>❖ **তৎসম শব্দ:** চন্দ্র, সূর্য, হস্ত, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য ইত্যাদি।<br>❖ **অর্ধ-তৎসম শব্দ:** নেমন্তন্ন, জ্যোছনা, ছেরাদ্দ, গিন্নি, বোষ্টম, কুচ্ছিত ইত্যাদি।<br>❖ **তদ্ভব শব্দ:** হাত, পা, মাথা, কান ইত্যাদি।<br>❖ **দেশি শব্দ:** কুড়ি, পেট, চুলা, কুলা, গঞ্জ, চোঙ্গা, ডাব, ডাগর, ঢেঁকি ইত্যাদি।<br>❖ **বিদেশি শব্দ:** কলম, কাগজ, খাতা, চেয়ার, আনারস ইত্যাদি। |

## বাংলা ভাষায় বিদেশি শব্দ

| | |
|---|---|
| আরবি শব্দ | আলখাল্লা, আল্লাহ, ইসলাম, ঈমান, ওযু, কোরবানি, কুরআন, কিয়ামত, গোসল, জান্নাত, জাহান্নাম, তওবা, তসবি, যাকাত, হজ, হাদিস, হারাম, হালাল, সালাত, হদ্দি, কায়েম, কায়দা, আদব, আজান, আখের, আজব, আদায়, আসবাব, আসল, আসামি, আহাম্মক, ইজ্জত, ইমারত, ইস্তফা/ ইস্তিফা, উকিল, এলাকা, ওজন, ওয়াদা, কদর, কাজি, কাবাব, কুর্সি, কিচ্ছা/ কিস্‌সা, খত, খতম, খাতির, খারিজ, খাস, গজল, গায়েব, গোঁসা/ গুস্‌সা, জবাই/জবেহ্‌, জব্দ ইত্যাদি। |
| ফারসি শব্দ | খোদা, গুনাহ্‌, দোযখ, নামায, পয়গম্বর, ফেরেশতা, বেহেশত, রোযা, কারখানা, চশমা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর, দরবার, দোকান, দস্তখত, নালিশ, বাদশাহ, বান্দা, মোহর, রসদ, আদমি, আমদানি, জিন্দা, জানোয়ার, নমুনা, বদমাস, রফতানি, হাঙগামা, আন্দাজ, ইয়ার, কারসাজি, কোমর, খরচ/খর্চ, খরিদ, খরিদ্দার, খাসা ইত্যাদি। |
| তুর্কি শব্দ | বিবি, খাতুন, লাশ, মোগল, বাহাদুর, তোশক, বাইজি, উজবুক, উর্দি, আলখাল্লা, কোঁতকা, দারোগা, কঞ্চি, তালাশ, চাকু, কাচি, চকমক, ঝকমক, চিক, বাবুর্চি, খান, খোকা, কোরমা, কুর্নিশ, উর্দু, দাদা, নানা, ঠাকুর, বাবা, মুচলেকা, সওগাত, বাস, চাকর, কুলি, বারুদ, তোপ, কাবু ইত্যাদি। |
| পর্তুগিজ শব্দ | পাদ্রি, বালতি, আনারস, গির্জা, গুদাম, আলমারি, চাবি, আলপিন, পাউরুটি, আতা, আচার, আয়া, আলকাতরা, ইস্পাত, ইস্তিরি, কামিজ, কাতান, কেদারা, গামলা, কাবাব, পিরিচ, কেরানি, কামরা, ক্রুশ, জানালা, গরাদ, তোয়ালে, নিলাম, পাচার, পেয়ারা, পেরেক, পিস্তল, ফালতু, ফিরিঙ্গি, ফিতা, বারান্দা, তামাক, বোতাম, বাসন, বোমা, বেহালা, বর্গা, মার্কা, মিস্ত্রি, মাস্তুল, মসকরা, মাইরি, যিশু, সাবান, টুপি, সালসা, সাগু, কপি, পেঁপে ইত্যাদি। |
| অন্যান্য | **হিন্দি :** ইস্তক, ওয়ালা, কাহিনি, খাট্টা, খানা, চামেলি, চালু, চাহিদা, টহল, পানি, ফালতু, তাগড়া।<br>❖ **ফরাসি :** কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ, আঁতাত।<br>❖ **ওলন্দাজ :** ইস্কাপন, হরতন, রুইতন, চিড়িতন, টেক্কা, তুরুপ।<br>❖ **পাঞ্জাবি :** চাহিদা, শিখ, তারকা ।<br>❖ **গুজরাটি :** হরতাল, খদ্দর।<br>❖ **চৈনিক :** চা, চিনি, লিচু, এলাচি।<br>❖ **বর্মি :** লুঙ্গি, ফুঙ্গি।<br>❖ **জাপানি :** রিক্সা, হারিকেন, সাম্পান, হাসনাহেনা, হারিকিরি।<br>❖ **ইতালীয় :** মাফিয়া, ম্যাজেন্টা, সনেট।<br>❖ **গ্রিক :** দাম, কেন্দ্র, সেমাই, সুড়ঙ্গ, ইউনানি।<br>❖ **অস্ট্রেলীয় :** ক্যাঙ্গারু।<br>❖ **তিব্বতি :** লামা।<br>❖ **দক্ষিণ আফ্রিকান :** জেব্রা।<br>❖ **পেরু :** কুইনাইন।<br>❖ **মালয় :** কাকাতুয়া, কিরিচ।<br>❖ **রুশ :** বলশেভিক।<br>❖ **সিংহল :** বেরিবেরি, সিডর।। |
| মিশ্র শব্দ | রাজা-বাদশা (তৎসম + ফারসি), হাট-বাজার (বাংলা + ফারসি), হেড-মৌলভী (ইংরেজি + ফারসি), হেডপণ্ডিত (ইংরেজি + তৎসম), খ্রিস্টাব্দ (ইংরেজি + তৎসম), ডাক্তারখানা (ইংরেজি + ফারসি), পকেটমার (ইংরেজি + বাংলা), চৌহদ্দি (ফারসি + আরবি) ইত্যাদি। |

| শিক্ষকের আলোচ্য | বাংলা অনুজ্ঞা |
|---|---|

## বাংলা অনুজ্ঞা বিষয়ক আলোচনা

**সংজ্ঞা: আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান এবং ভবিষ্যৎ কালে মধ্যম পুরুষে ক্রিয়াপদের যে রূপ হয় তাকে অনুজ্ঞা বলে।**

- উত্তম পুরুষের অনুজ্ঞা হতে পারে না। কারণ, কেউ নিজেকে আদেশ করতে পারে না।
- অপ্রত্যক্ষ বলে নাম পুরুষের অনুজ্ঞা হয় না। তবে এই মত সবাই সমর্থন করে না।
- প্রাচীন বাংলা রীতিতে মধ্যম পুরুষের অনুজ্ঞায় ক্রিয়ার সঙ্গে 'হ' যোগ করার নিয়ম ছিল।
- **বর্তমান কালের অনুজ্ঞা: আদেশ:** কাজটি করে ফেল। তোমরা এখন যাও। তুমি বল। **উপদেশ:** জেনে শুনে সত্য কথা গোপন করো না। **অনুরোধ:** আমাকে এক গ-াস পানি দিবে। অঙ্কটা বুঝিয়ে দাও না। **প্রার্থনা:** আমায় সাহায্য কর।
- **অভিশাপ:** মর, পাপিষ্ঠ।
- **ভবিষ্যৎকালের অনুজ্ঞা: আদেশ:** কখনও মিথ্যা কথা বলবে না। সদা সত্য কথা বলবে। **সম্ভাবনাময়:** চেষ্টা কর, সবই বুঝতে পারবে। **বিধান অর্থে:** অসুখ হলে ওষুধ খাবে। **অনুরোধ:** কাল একবার এসো।

**☞ ক্লাশের আলোচনার প্রেক্ষিতে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে তাৎক্ষণিক অনুশীলন করিয়ে নেবেন এবং পরবর্তীতে ব্যাখ্যা প্রদান করিবেন-**

১. আজ তোরা যাসনে ঘরের বাহিরে' এখানে কি অর্থে অনুজ্ঞা ব্যবহৃত হয়েছে?
২. লোকটা যে পিছনে লেগেই রয়েছে, কী গেরো!- এই বাক্যের 'কী' বোঝায়
৩. ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ! এই বাক্যের 'কী' এর অর্থ-
৪. আছো তুমি জগৎ মাঝারে।-এখানে 'মাঝারে' শব্দটি কোন অর্থে ব্যবহৃত?
৫. 'ঐ চাকরীর আশা ছেড়েছি'- কোন অর্থ প্রকাশ পায়?

## শিক্ষকের আলোচ্য | পুরুষ ও স্ত্রী বাচক শব্দ

### পুরুষ ও স্ত্রী বাচক বিষয়ক আলোচনা

☑ **লিঙ্গের প্রকারভেদ:**

| নাম | সংজ্ঞা | উদাহরন |
|---|---|---|
| পুং লিঙ্গ | যে শব্দ দ্বারা পুরুষজাতি বুঝায় | বাবা |
| স্ত্রীলিঙ্গ | যে শব্দ দ্বারা স্ত্রীজাতি বুঝায় | মা |
| উভয়লিঙ্গ | যে শব্দ দ্বারা পুরুষ ও স্ত্রী উভয়ই বুঝায় | শিশু |
| ক্লীবলিঙ্গ | যে শব্দ দ্বারা পুরুষ ও স্ত্রী কিছুই বুঝায় না | কাগজ |

- নিত্য পুরুষবাচক শব্দ: কতগুলো শব্দ কেবল পুরুষ বোঝায়। যেমন : কবিরাজ, ঢাকী, কৃতদার, অকৃতদার, যোদ্ধা, রাষ্ট্রপতি, কেরানী ইত্যাদি।
- নিত্য স্ত্রীবাচক শব্দ : কতগুলো শব্দ কেবল স্ত্রীবাচক বোঝায়। যেমন : সতীন, সপতড়বী, সৎমা, বিধবা, সধবা, কুলটা ইত্যাদি।

**☞ ক্লাশের আলোচনার প্রেক্ষিতে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে তাৎক্ষণিক অনুশীলন করিয়ে নেবেন এবং পরবর্তীতে ব্যাখ্যা প্রদান করিবেন-**

১. 'ছেলে' এর স্ত্রী-বাচক শব্দ কোনটি ?
২. লিঙ্গান্তর হয়না এমন শব্দ কোনটি ?
৩. লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি ?
৪. 'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কী ?
৫. নিচের কোনটি নিত্য পুংলিঙ্গবাচক শব্দ ?
৬. ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ কোনটি ?
৭. নিচের কোনটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ ?
৮. 'জরত' এর স্ত্রীলিঙ্গ কি ?
৯. 'শিশু' কোন লিঙ্গ ?
১০. নিচের কোন শব্দটির কোনো লিঙ্গান্তর হয় না?
১১. 'অরণ্য' এর লিঙ্গান্তর হলো-
১২. শুদ্ধ লিঙ্গান্তর

## শিক্ষকের আলোচ্য | দ্বিরুক্ত শব্দ

### দ্বিরুক্ত বিষয়ক আলোচনা

☑ **দ্বিরুক্ত শব্দকে ভাঙলে পাওয়া যায় 'দ্বি+উক্ত'। অর্থাৎ, যা দুইবার বলা হয়েছে। বাংলা ভাষায় অনেক শব্দ বা পদ দুইবার ব্যবহৃত হয়ে অন্য একটি বিশেষ অর্থ প্রকাশ করে। কোন শব্দ বা পদ পরপর দুইবার ব্যবহৃত হয়ে কোন বিশেষ অর্থ প্রকাশ করলে তাকে দ্বিরুক্ত শব্দ বলে।**

যেমন- 'আমার জ্বর জ্বর লাগছে।' এখানে 'জ্বর জ্বর' দ্বিরুক্ত শব্দটি ঠিক 'জ্বর' অর্থ প্রকাশ করছে না। জ্বরের ভাব প্রকাশ করছে। দ্বিরুক্ত শব্দ ৩ প্রকার- শব্দের দ্বিরুক্তি, পদের দ্বিরুক্তি ও অনুকার দ্বিরুক্তি।

**(ক) শব্দের দ্বিরুক্তি**

- একই শব্দ অবিকৃতভাবে দুইবার ব্যবহৃত হয়ে দ্বিরুক্ত শব্দ গঠন করতে পারে। যেমন- ভাল ভাল বই, ফোঁটা ফোঁটা জল, বড় বড় বাড়ি, ইত্যাদি।
- সহচর শব্দযোগে দ্বিরুক্ত শব্দ গঠিত হতে পারে। দুটি সম্পর্কিত শব্দকে সহচর শব্দ বলা যায়। যেমন, 'কাপড়-চোপড়' সহচর শব্দযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ। 'কাপড়' অর্থ গা ঢাকার জন্য যেসব পরা হয়। আর কাপড়ের সঙ্গে অনুষঙ্গ হিসেবে যেগুলো পরা হয় সেগুলোই 'চোপড়'। অর্থাৎ, এই দুটি শব্দ পরস্পর সম্পর্কিত। তাই এই দুটি শব্দ সহচর শব্দ। এরকম- লালন-পালন, খোঁজ-খবর, ইত্যাদি।
- একই শব্দ দুইবার ব্যবহৃত হয়ে পরেরবার একটু পরিবর্তিত হয়ে দ্বিরুক্ত শব্দ হতে পারে। যেমন- মিট-মাট, ফিট-ফাট, বকা-ঝকা, তোড়-জোড়, গল্প-সল্প, রকম-সকম, ইত্যাদি।
- সমার্থক শব্দযোগে দ্বিরুক্ত শব্দ হতে পারে। যেমন- ধন-দৌলত, বলা-কওয়া, টাকা-পয়সা, ইত্যাদি।
- বিপরীতার্থক শব্দযোগেও দ্বিরুক্ত শব্দ গঠিত হতে পারে। যেমন- লেন-দেন, দেনা-পাওনা, ধনী-গরিব, আসা-যাওয়া, ইত্যাদি।

**(খ) পদের দ্বিরুক্তি/ পদাত্মক দ্বিরুক্তিপদ বা বিভক্তিযুক্ত শব্দ দুইবার ব্যবহৃত হয়ে কোন বিশেষ অর্থ প্রকাশ করলে তাকে পদের দ্বিরুক্তি বা পদাত্মক দ্বিরুক্তি বলে। পদাত্মক দ্বিরুক্তি নিম্নোক্তভাবে গঠিত হতে পারে-**

- একই পদ অবিকৃতভাবে পরপর দুইবার ব্যবহৃত হয়ে। যেমন- ঘরে ঘরে লেখাপড়া হচ্ছে। দেশে দেশে ধন্য ধন্য পড়ে গেলো। মনে মনে আমিও এ কথাই ভাবছিলাম।
- দ্বিতীয় পদ কিছুটা পরিবর্তিত হয়ে। তবে এক্ষেত্রেও পদ-বিভক্তি অপরিবর্তিত থাকে। অর্থাৎ, মূল শব্দ কিছুটা পরিবর্তিত হয়, কিন্তু বিভক্তি অপরিবর্তিত থাকে। যেমন- আমরা হাতে-নাতে চোরটাকে ধরেছি।
- সহচর, সমার্থক বা বিপরীতার্থক শব্দ একই বিভক্তি যুক্ত হয়ে পরপর ব্যবহৃত হয়ে দ্বিরুক্ত শব্দ গঠন করতে পারে। যেমন- আমার সমত্মান যেন থাকে দুধে-ভাতে। দেশে বিদেশে বইটি লিখেছেন সৈয়দ মুজতবা আলী, আর পথে-প্রবাসে লিখেছেন মুহম্মদ এনামুল হক।

## পদাত্মক দ্বিরুক্তির প্রয়োগ

☞ বিশেষ্য পদের দ্বিরুক্তি (উল্লেখ্য, বিশেষ্য পদের দ্বিরুক্তি হলে সেগুলো বিশেষণ পদের মত কাজ/ আচরণ করে। অর্থাৎ, বিশেষ্য পদের দ্বিরুক্তি হলে সেগুলো বিশেষণ হিসেবে ব্যবহৃত হয়।)

- **আধিক্য বোঝাতে** → রাশি রাশি ধন, ধামা ধামা ধান
- **সামান্য বোঝাতে** → আমার জ্বর জ্বর লাগছে। কবি কবি ভাব।
- **পরস্পরতা বা ধারাবাহিকতা বোঝাতে** → তুমি দিন দিন রোগা হয়ে যাচ্ছ। ওরা বাড়ি বাড়ি হেঁটে চাঁদা তুলছে।
- **ক্রিয়া বিশেষণ** → ধীরে ধীরে যায়, ফিরে ফিরে চায়।
- **অনুরূপ কিছু বোঝাতে**→ তার সঙ্গী সাথী কেউ নেই।
- **আগ্রহ বোঝাতে** → দাদা দাদা বলে ডাকছে।

## বিশেষণ পদের দ্বিরুক্তি

- **আধিক্য বোঝাতে** : ভাল ভাল আম। ছোট ছোট ডাল।
- **তীব্রতা বা সঠিকতা বোঝাতে** : গরম গরম জিলাপী। নরম নরম হাত।
- **সামান্যতা বোঝাতে** : উড়ু উড়ু ভাব। কাল কাল চেহারা।

## সর্বনাম পদের দ্বিরুক্তি

- **বহুবচন বা আধিক্য বোঝাতে** : সে সে লোক কোথায় গেল? কে কে এল? কেউ কেউ বলে।

## ক্রিয়াপদের/ ক্রিয়াবাচক পদের দ্বিরুক্তি

- **বিশেষণ রূপে** : রোগীর তো যায় যায় অবস্থা। তোমার নেই নেই ভাব আর গেল না।
- **স্বল্পকাল স্থায়ী বোঝাতে** : দেখতে দেখতে আকাশ কাল হয়ে এল।
- **ক্রিয়া বিশেষণ** : দেখে দেখে যাও। ঘুমিয়ে ঘুমিয়ে শুনলে কিভাবে?
- **পৌনঃপুনিকতা বোঝাতে** : ডেকে ডেকে হয়রান হয়ে গেছি।

## অব্যয় পদের দ্বিরুক্তি

- **ভাবের গভীরতা বোঝাতে:** সবাই হায় হায় করতে লাগল। ছি ছি, তুমি এত খারাপ।
- **পৌনঃপুনিকতা বোঝাতে** : বার বার সে কামান গর্জে উঠল।
- **অনুভূতি বা ভাব বোঝাতে** : ভয়ে গা ছম ছম করছে। ফোঁড়াটা টন টন করছে।
- **বিশেষণ বোঝাতে** : পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।
- **ধ্বনিব্যঞ্জনা** : ঝির ঝির করে বাতাস বইছে। বৃষ্টি পড়ে টাপুর টুপুর।

## বিশিষ্টার্থক বাগধারায় দ্বিরুক্ত শব্দের প্রয়োগ

- **সতর্কতা বোঝাতে** : ছেলেটিকে চোখে চোখে রেখো।
- **ভাবের প্রগাঢ়তা বোঝাতে** : ভুলগুলো তুই আনরে বাছা বাছা।
- **কালের বিসত্মার বোঝাতে** : থেকে থেকে শিশুটি কাঁদছে।
- **আধিক্য বোঝাতে** : লোকটা হাড়ে হাড়ে শয়তান।

**✍ ক্লাশের আলোচনার প্রেক্ষিতে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে তাৎক্ষণিক অনুশীলন করিয়ে নেবেন এবং পরবর্তীতে ব্যাখ্যা প্রদান করিবেন-**

১. 'হু হু করে বাজারে জিনিসপত্রের দাম বাড়ছে'। -বাক্যটিতে 'হু হু' কোন অর্থ প্রযুক্ত?
২. 'ডেকে ডেকে হয়রান হয়েছি'– এখানে ডেকে ডেকে দ্বিরুক্তি টি কোন অর্থ নির্দেশ করে?
৩. 'ডালভাত' কি অর্থের শব্দযোগে দ্বিরুক্ত হয়েছে ?
৪. 'কবি কবি ভাব কিন্তু ছন্দের অভাব'- 'কবি কবি' কি অর্থে ব্যবহৃত হয়েছে ?
৫. বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এলো বান- এখানে টাপুর টুপুর কোন ধরনের শব্দ?
৬. 'শিশুটি মা মা বলে কাঁদছে' – এখানে 'মা মা' দ্বিরুক্তিটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে ?
৭. সমার্থক শব্দ যোগে দ্বিরুক্তি হয়েছে কোনটি ?

## শিক্ষকের আলোচ্য | সংখ্যাবাচক শব্দ

### সংখ্যাবাচক শব্দের আলোচনা

**সংখ্যাবাচক শব্দ: সংখ্যা বলতে গণনার ধারণা বোঝায়। যে সব শব্দ কোন বিশেষ্য পদ, অর্থাৎ কোন ব্যাক্তি বা বস্তুত্ব বা কোন কিছুর সংখ্যার ধারণা প্রকাশ করে, তাকে সংখ্যাবাচক শব্দ বলে। যেমন- এক টাকা, দশটা গরম্ন, ইত্যাদি।**

**প্রকারভেদ**: সংখ্যাবাচক শব্দ ৪ প্রকার-

**অঙ্কবাচক সংখ্যা :** ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২ ইত্যাদি

**পরিমাণ বা গণনাবাচক সংখ্যা:** এক, দই, তিন, চার, পাঁচ, ছয়, সাত, আট, নয়, দশ, এগারো, বার, ইত্যাদি।

**ক্রম বা পূরণবাচক শব্দ :** প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, ইত্যাদি।

**তারিখবাচক শব্দ :** পহেলা বৈশাখ, চৌদ্দই ফাল্গুন

## শিক্ষকের আলোচ্য | পদাশ্রিত নির্দেশক

### পদাশ্রিত নির্দেক বিষয়ক আলোচনা

**পদাশ্রিত নির্দেশক**: বাংলা ভাষায় কিছু কিছু প্রত্যয় বা শব্দাংশ শব্দের শেষে যুক্ত হয়ে পদটির নির্দিষ্টতা কিংবা অনির্দিষ্টতা জ্ঞাপন করে। এগুলোকে পদাশ্রিত নির্দেশক বলে।

**বিভিন্ন পদাশ্রিত নির্দেশকের ব্যবহার :**

☑ **টি, টা :**

(ক) 'এক'-র সঙ্গে 'টি/টা' যুক্ত হলে তা অনির্দিষ্টতা বোঝায়। কিন্তু অন্য সংখ্যাবাচক শব্দের সঙ্গে 'টি/টা' যুক্ত হলে নির্দিষ্টতা বোঝায়। যেমন- একটি দেশ, সে যেমনেই হোক দেখতে। (যে কোন একটি দেশ, অনির্দিষ্ট)

(খ) নির্দেশক সর্বনামের সঙ্গে 'টি/টা' যুক্ত হলে সেগুলো সুনির্দিষ্ট হয়ে যায়। যেমন- এটা নয়, ওটা আনো। ওইটেই আমার প্রিয় গান।

(গ) নিরর্থকভাবেও টি/টা ব্যবহৃত হতে পারে। যেমন- সারাটি সকাল তোমার আশায় বসে আছি। ন্যাকামিটা এখন রাখ।

☑ **গোটা**: বচনবাচক/সংখ্যাত্মক শব্দের আগে বসে। নির্দিষ্টতা কিংবা অনির্দিষ্টতা, দুই-ই বোঝাতে পারে। যেমন-

গোটা দেশটাই ছারখার হয়ে গেছে। (নির্দিষ্ট)
গোটা তিনেক আম দাও। (অনির্দিষ্ট)

☑ **খানা, খানি** : বচনবাচক/সংখ্যাত্মক শব্দের পরে বসে। নির্দিষ্টতা কিংবা অনির্দিষ্টতা, দুই-ই বোঝাতে পারে। যেমন-

দু'খানা কম্বল চেয়েছিলাম। (নির্দিষ্ট)
একখানা বই কিনে নিও। (অনির্দিষ্ট)

☑ **টাক, টুকু, টুক, টো**: নির্দিষ্টতা ও অনির্দিষ্টতা উভয় অর্থেই ব্যবহৃত হয়। যেমন-

পোয়াটাক দুধ দাও। (অনির্দিষ্ট)
সবটুকু ওষুধই খেয়ে ফেলো। (নির্দিষ্ট)

☑ **বিশেষ অর্থে ব্যবহৃত নির্দেশক; কেতা, তা, পাটি**: এগুলো বিশেষ অর্থে নির্দিষ্টতা জ্ঞাপনে ব্যবহৃত হয়। যেমন-

**কেতা:** এ তিন কেতা জমির দাম দশ হাজার টাকা মাত্র। দশ টাকার পাঁচ কেতা নোট।
**তা** : দশ তা কাগজ দাও।
**পাটি** : আমার এক পাটি জুতো ছিঁড়ে গেছে।

## শিক্ষকের আলোচ্য | পরিভাষা/ পারিভাষিক শব্দ

# পরিভাষা/ পারিভাষিক শব্দ বিষয়ক আলোচনা

**সংজ্ঞা: প্রচলিত বিদেশি শব্দের ভাবানুমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Aboriginal | আদিবাসী | Loggerhaeads | দা-কুমড়া সম্পর্ক | Hierarchy | আধিপত্য পরম্পরা |
| Anonymous | নামহীন/বেনামী | Manager | ব্যবস্থাপক | Handy | ব্যবহারে সুবিধাজনক |
| Amplitude | বিস্তার | Microbiology | অণুজীব বিজ্ঞান | Hybrid | উচ্চফলনশীল |
| Amplification | পরিবর্ধন | Mince | কীমা করা | Intellectual | বুদ্ধিজীবী |
| Allegory | রূপক | Modernism | আধুনিকতাবাদ | In abeyance | স্থগিত করা |
| Attested | প্রত্যায়িত | Meteor | উল্কা | Jerhin | আটসাট জামা |
| Anatomy | শারীরবিদ্যা | Nebula | নীহারিকা | Key-note | মূলভাব |
| Bribe | ঘুষ/উৎকোচ | Oxygen | অম্ল-জান | Training | প্রশিক্ষণ |
| Blocade | অবরোধ | Overrule | বাতিল করা | Treasure | কাষাধক্ষ |
| Biography | কচড়া | Odds and ends | মাঝে মাঝে | Take to task | তিরস্কার করা |
| Curtail | সংক্ষিপ্ত করা | Post Graduate | স্নাতকোত্তর | Time and again | বারবার |
| Coventant | চুক্তিপত্র | Periodical | সাময়িকী | Unstamped | সিলমোহরবিহীন |
| Coup | অভ্যুত্থান | Prominent | উল্লেখ যোগ্য | United State | যুক্তরাষ্ট্র |
| Cartoon | ব্যাঙ্গচিত্র | Provoke | উস্কানি দেওয়া | United Kingdom | যুক্তরাজ্য |
| Climax | মহামুহূর্ত | Parole | সাময়িক মুক্তি | Wisdom | প্রজ্ঞা |
| Dead lock | অচলাবস্থা | Play truant | স্কুল থেকে পালানো | Glossary | টীকাপঞ্জি |
| Equation | সমীকরণ | Pensive | বিষন্ন | Hydrogen | উদযান |
| Eradication | উচ্ছেদ | Quack | হাতুড়ে | Housing | আবাসন |
| Executive | নির্বাহী | Quarterly | ত্রৈমাসিক | Sponsor | পৃষ্ঠপোষক |
| Excise duty | আবগারী শুল্ক | Radio | বেতার | General Manager | মহাব্যবস্থাপক |
| Final | সমাপ্তি | Relevant | প্রাসঙ্গিক | Graduate | স্নাতক |
| File | নথি | Scarcity | অভাব | Stigma | লজ্জাস্কর দাগ |
| Flora | উদ্ভিদকূল | Study leave | শিক্ষাবকাশ | Sleeping partner | নিষ্ক্রিয় অংশিদার |
| Epicurism | ভোগবাদ | Secretary | সচিব | Subjudice | বিচারাধীন |

**ক্লাশের আলোচনার প্রেক্ষিতে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে তাৎক্ষণিক অনুশীলন করিয়ে নেবেন এবং পরবর্তীতে ব্যাখ্যা প্রদান করিবেন-**

১. 'Parasite' -শব্দের বাংলা পরিভাষা
২. 'Depreciation' -এর গ্রহণযোগ্য বাংলা পরিভাষা
৩. 'Puritanism' শব্দের মানে
৪. Sponsor শব্দের পারিভাষিক অর্থ কোনটি ?
৫. 'Civil' শব্দের পারিভাষিক শব্দ কোনটি ?
৬. 'Quota' এর পরিভাষা কি ?
৭. 'Intellectual' শব্দের বাংলা অর্থ কি ?
৮. 'Wisdom' শব্দের বাংলা অর্থ কোনটি ?
৯. 'Morphology'-এর বঙ্গানুবাদ হলো-
১০. প্রচলিত বিদেশি শব্দের ভাবানুমূলক প্রতিশব্দকে কি বলে ?
১১. "Co-opted" এর পরিভাষা
১২. "Lease" শব্দের বাংলা পরিভাষা
১৩. 'Barren' শব্দের অর্থ-
১৪. Cease fire পরিভাষাটির বাংলা প্রতিশব্দ কোনটি ?
১৫. The window panes steamed up-এর যথাযথ বাংলা
১৬. Transliteration-এর পরিভাষা
১৭. 'Pragmatic' শব্দের অর্থ কি ?
১৮. 'Autonomous' শব্দের অর্থ
১৯. 'Edition' শব্দের অর্থ ?
২০. Civil Society- এর পরিভাষা কি ?

| শিক্ষকের আলোচ্য | উপসর্গ |
|---|---|

## উপসর্গ বিষয়ক আলোচনা

| | |
|---|---|
| **উপসর্গ বিষয়ক মৌলিক তথ্য** | ▣ উপসর্গ অব্যয় সূচক শব্দাংশ ।<br>▣ উপসর্গ ধাতু বা শব্দের পূর্বে যুক্ত হয় ।<br>▣ উপসর্গের নিজের কোন অর্থ নেই ।<br>▣ উপসর্গকে ইংরেজিতে prefix বলা হয় ।<br>▣ উপসর্গ স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না । |
| **উপসর্গের কাজ** | ▣ নতুন অর্থবোধক শব্দ তৈরী করে ।<br>▣ শব্দের অর্থের সম্প্রসারণ ঘটায় ।<br>▣ শব্দের পূর্ণতা আনে । |
| **উপসর্গের প্রকারভেদ** | ▣ **বাংলা ভাষায় তিন প্রকার উপসর্গ আছে। যথাঃ**<br>বাংলা উপসর্গ; সংস্কৃত উপসর্গ ও বিদেশী উপসর্গ । |
| **বাংলা উপসর্গ** | ▣ বাংলা উপসর্গ একুশটি ।<br>▣ খাঁটি বাংলা উপসর্গ সমূহ হলঃ অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, উন (ঊনা), আব, ইতি, কদ, কু, নি, পাতি, রাম, সু, হা, বি, ভর, সা, এবং স । |
| **তৎসম বা সংস্কৃত উপসর্গ** | ▣ সংস্কৃত উপসর্গ বিশটি ।<br>▣ সংস্কৃত উপসর্গ সমূহ হলঃ প্র, পরা, অপ, সম, নি, অব, অনু, নির, দু (র), বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অপি, অভি, অতি, উপ, এবং আ । |
| **বিদেশি উপসর্গ** | ▣ **ফারসি উপসর্গ :** বদ, না, কম্, ফি, কার্, ব, বে, নিম, দার, বর ।<br>▣ **আরবি উপসর্গ :** গর্, লা, খয়ের, বাজে, আম, খাস ।<br>▣ **ইংরেজি উপসর্গ :** হেড, সাব, হাফ, ফুল ।<br>▣ **উর্দু/হিন্দি উপসর্গঃ** হর । |
| **অন্যান্য** | ▣ চারটি উপসর্গ আছে যারা খাঁটি বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হয় । এগুলো হলঃ- আ, সু, বি, নি । |
| **উপসর্গযোগে সাধিত কিছু শব্দ** | অকেজো, অচেনা, অপয়া, অচিন, অজানা, অথৈ, অঝোর, অঝোরে অজ পাড়াগাঁ, অজমূর্খ, অজপুকুর অঘারাম, অঘাচ-ী অনাবৃষ্টি, অনাদর অনাছিষ্টি, অনাচার, অনামুখো, আকাঁড়া, আধোয়া, আলুনি আকাঠা, আগাছা আড়চোখে, আড়নয়নে আড়ক্ষ্যাপা, আড়মোড়া, আড়পাগলা আড়কোলা, আড়গড়া (আস্তাবল), আড়কাঠি আনকোরা আনচান, আনমনা আবছায়া, আবডাল, ইতিকর্তব্য, ইতিপূর্বে ইতিকথা, ইতিহাস উনপাঁজুরে, উনিশ কদবেল, কদর্য, কদাকার কুঅভ্যাস, কুকথা, কুনজর, কুসঙ্গ নিখুঁত, নিখোঁজ, নিলাজ, নিভাঁজ, নিরেট পাতিহাঁস, পাতিশিয়াল, পাতিলেবু, পাতকুয়ো বিভূঁই, বিফল, বিপথ ভরপেট, ভরসাঁঝ, ভরপুর, ভরদুপুর, ভরসন্ধ্যে রামছাগল, রামদা, রামশিঙ্গা, রামবোকা সলাজ, সরব, সঠিক, সজোর, সপাট সাজিরা, সাজোয়ান সুনজর, সুখবর, সুদিন, সুনাম, সুকাজ হাপিত্যেশ, হাভাতে, হাঘরে, প্রভাব, প্রচলন, প্রস্ফুটিত প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব প্রগাঢ়, প্রচার, প্রবল, প্রসার প্রবেশ, প্রস্থান প্রপৌত্র, প্রশাখা, প্রশিষ্য পরাকাষ্ঠা, পরাক্রান্ত, পরায়ণ পরাজয়, পরাভব অপমান, অপকার, অপচয়, অপবাদ অপসংস্কৃতি, অপকর্ম, অপসৃষ্টি, অপযশ অপসারণ, অপহরণ, অপনোদন অপমৃত্যু সম্পূর্ণ, সমৃদ্ধ, সমাদর সমাগত, সম্মুখ নিবৃত্তি নিবারণ, নির্ণয় নিদাঘ, নিদারুণ নিষ্কলুষ, নিষ্কাম অবজ্ঞা, অবমাননা অবরোধ, অবগাহন, অবগত অবতরণ, অবরোহণ অবশেষ, অবসান, অবেলা অনুশোচনা, অনুগামী, অনুজ, অনুতাপ, অনুকরণ অনুবাদ, অনুরূপ, অনুকার অনুক্ষণ, অনুদিন, অনুশীলন অনুকূল, অনুকম্পা নিরক্ষর, নির্জীব, নিরহঙ্কার, নিরাশ্রয়, নির্ধন, নির্ধারণ, নির্ণয়, নির্ভর নির্গত, নিঃসরণ, নির্বাসনদুর্ভাগ্য, দুর্দশা, দুর্নামদুর্লভ, দুর্গম, দুরতিক্রম্য বিধৃত, বিশুদ্ধ, বিজ্ঞান, বিবস্ত্র, বিশুষ্ক বিনিদ্র, বিবর্ণ, বিশৃঙ্খল, বিফল বিচরণ, বিক্ষেপ বিকার, বিপর্যয় সুকণ্ঠ, সুকৃতি, সুচরিত্র, সুপ্রিয়, সুনীল সুগম, সুসাধ্য, সুলভ সুচতুর, সুকঠিন, সুধীর, সুনিপুণ, সুতীক্ষ্ণ উদ্যম, উন্নতি, উৎক্ষিপ্ত, উদগ্রীব, উত্তোলন উচ্ছেদ, উত্তপ্ত, উৎফুল্ল, উৎসুক, উৎপীড়ন উৎপাদন, উচ্চারণ উৎকোচ, উচ্ছৃঙ্খল, উৎকট অধিকার, অধিপতি, অধিবাসী অধিরোহণ, অধিষ্ঠান অধিকার, অধিবাস, অধিগত পরিপক্ব, পরিপূর্ণ, পরিবর্তন পরিশেষ পরিশ্রান্ত, পরীক্ষা, পরিমাণ পরিক্রমণ, পরিম-ল প্রতিমূর্তি, প্রতিধ্বনি প্রতিবাদ, প্রতিদ্বন্দ্বী প্রতিদিন, প্রতিমাস প্রতিঘাত, প্রতিদান, প্রত্যুপকার উপকূল, উপকণ্ঠ উপদ্বীপ, উপবন উপগ্রহ, উপসাগর, উপনেতা উপনয়ন, উপভোগ অভিব্যক্তি, অভিজ্ঞ, অভিভূত অভিযান, অভিসার অভিমুখ, অভিবাদন অতিকায়, অত্যাচার, অতিশয় অতিমানব, অতিপ্রাকৃত আকণ্ঠ, আমরণ, আসমুদ্র আরক্ত, আভাস, আনত আদান, আগমন । |

শিক্ষকের আলোচ্য | অনুসর্গ বা কর্মপ্রবচণীয়

## অনুসর্গ বা কর্মপ্রবচণীয় বিষয়ক আলোচনা

**সংজ্ঞা: যে সব অব্যয়শ্রেণির শব্দ অন্য কোন শব্দের পরে বসে বিভক্তির মত কাজ করে তাকে অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বলে।**

যেমন-: হতে, থেকে, চেয়ে, অপেক্ষা।

- অনুসর্গ হচ্ছে অব্যয় বা অব্যয়জাত শব্দ। অনুসর্গের অপর নাম কর্মপ্রবণীয় শব্দ। অনুসর্গ বাক্যে অব্যয়পদ রূপে বসে। অনুসর্গগুলো বাক্যের অর্থ প্রকাশে সহায়তা করে। এগুলো কখনো স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হয়। কখনও শব্দ বিভক্তির মত বাক্যে স্থান গ্রহণ করে। অনুসর্গগুলো কখনও প্রাতিপদিকের পরে ব্যবহৃত হয়, আবার 'কে' ও 'র' বিভক্তি যুক্ত শব্দের পরে বসে।

**বাংলা ভাষায় অনেক অনুসর্গ রয়েছে। কিছু অনুসর্গের নমুনাঃ**

অধিক, অবধি, অপেক্ষা, ওপর, উপরে কতৃক, কারণে, কাছে, চেয়ে, ছাড়া, জন্য, তরে, থেকে, দ্বারা, দিয়ে, নিকট, নিচে, নামে, নইলে, প্রতি, পরে, পর্যন্ত, পানে, পক্ষে, পাছে, পিছে, পাশে, বিনা, বিনে, বিনি, বিহনে, বই, ব্যতীত, বশত, বলে, বিহীন, ভিন্ন, ভিতর, ভিতরে, মত, মতন, মধ্যে, মাঝারে, সহ, সহিত, সহকারে, সাথে সঙ্গে, সনে, হেতু, হতে ইত্যাদি।

- বাংলা ভাষার সাধু রীতিতে কিছু অনুসর্গ রয়েছে। যেমনঃ বলিয়া, থাকিয়া, চাহিতে, হইতে, দিয়া, করিয়া, লাগিয়া, নহিলে ইত্যাদি।
- অনুসর্গগুলো বিভক্তির পরিবর্তে বসে। কিন্তু বিভক্তির কাজ চালায়। বিশেষ্য বা সর্বনামের পরে এসব অব্যয় জাতীয় শব্দের ব্যবহার বাংলা ভাষায় সাধারণ ব্যাপার। কারকের বেলায়ও অনুসর্গের ব্যবহার হয়। আবার কারক ছাড়া অন্য সম্বন্ধেও তা ব্যবহৃত হয়ে থাকে। রবীন্দ্রনাথ ঠাকুর অনুসর্গের প্রয়োগ সম্পর্কে মন্তব্য লেখেছেন, "পালকিতে করে যাওয়া চলে, পালকি দিয়ে চলে না। 'পালকিতে' করে মানুষ যায়, কিন্তু যায় 'পথ' দিয়ে। উপসর্গ যেমন ধাতুর পূর্বে বসে অর্থের বৈচিত্র্য আনে, তেমনি অনুসর্গ নাম পদের অনুতে বা পরে বসে বাক্যের অর্থকে স্পষ্ট করে। বিভিন্ন কারকে এই অনুসর্গগুলো স্থান পায়। যেমন:

১। **করণকারকে:** দ্বারা, দিয়ে, দিয়া, করে, করিয়া, কর্তৃক, সাহায্যে ইত্যাদি।
২। **সম্প্রদান কারকে:** জন্য, নিমিত্ত, হেতু, অর্থে, তরে, লাগিয়া, উদ্দেশ্যে, ইত্যাদি।
৩। **অপাদান কারক:** হতে, থেকে, হইতে, চেয়ে, অপেক্ষা, নিকট হইতে, কাছ থেকে ইত্যাদি।
৪। **অধিকরণ কারক:** কাছে, নিকটে, মধ্যে, মাঝে, পাশে, ভিতরে, উপরে, পানে, দিকে ইত্যাদি।

**বাক্যে অনুসর্গের প্রয়োগঃ**

| | |
|---|---|
| **১। অধিক:** | এর চেয়ে অধিক কাল তোমার মাথার চুল। পড়ার গুরুত্ব সম্পর্কে অধিক বলার প্রয়োজন নেই। |
| **২। অবধি:** | জনম অবধি হাম রূপ নেহরিনু। শেষ অবধি অপেক্ষা করব। |
| **৩। অপেক্ষা:** | ধন অপেক্ষা জ্ঞান বড়। মানিক অপেক্ষা মানিক পড়ায় ভাল। |
| **৪। উপরে:** | সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই। |
| **৫। বিনে (কর্তৃ কারকের সঙ্গে):** | তুমি বিনে আমার কে আছে। |
| **৬। পর (দীর্ঘ বিরতি অর্থে):** | শরতের পর আসে বসন্ত। |
| **৭। পরে (স্বল্প বিরতি অর্থে):** | এ দেশের মাঝে একদিন সবকিছু ছিল। |
| **৯। তরে (জন্য অর্থে):** | শুধু বৈকুণ্ঠের তরে নহে বৈঞ্চবের গান। |
| **১০। বিনি (করন্ন কারকের সঙ্গে):** | বিনি সুতায় গাঁথা মালা। |
| **১১। সহিত (সমসূত্রে অর্থে):** | শত্রুর সহিত সন্ধি চাই না। |
| **১২। মাঝারে (ব্যপ্তি অর্থে):** | আছ তুমি প্রভু জগত মাঝারে। |
| **১৩। বিহনে (ব্যতিরেকে অর্থে):** | উদ্যম বিহনে কার পুরে মনোরথ? |
| **১৪। লাগিয়া (নিমিত্তার্থে):** | সুখের লাগিয়া এ ঘর বাধিনু, অনলে পুড়িয়া গেল। |
| **১৫। হেতু (নিমিত্ত অর্থে):** | 'কি হেতু এসেছে তুমি কহ বিস্তারিয়া' |
| **১৬। সনে (বিরন্নদ্ধগামিতা অর্থে):** | 'দংশনক্ষত শ্যেন বিহঙ্গ যুঝে ভুজঙ্গ সনে। |
| **১৭। মত (ন্যায় অর্থে):** | এ জন্মের তরে বিদায় নিলাম। |

**শিক্ষকের আলোচ্য** | **বাগধারা**

## গুরুত্বপূর্ণ কিছু বাগধারা

- **অকাল কুসুম** - অসম্ভব জিনিস
- **অকাল কুস্মা-** - অপদার্থ
- **অকাল বোধন** - অসময়ে আবির্ভাব
- **অগাকা-/অঘাচ-ী/অঘারাম** - নির্বোধ/ নিরেট বোকা
- **অগাধ জলের মাছ** - অতি চালাক ব্যক্তি
- **অগ্নিশর্মা** - নিরতিশয় ক্রুদ্ধ
- **অগ্নিপরীক্ষা** - কঠিন পরীক্ষা
- **অগ্যস্ত্য যাত্রা** - শেষ বিদায়
- **অজগর বৃত্তি** - আলসেমি
- **অর্ধচন্দ্র** - গলা ধাক্কা দেওয়া
- **অন্তঃস্বরে টিপুনি** - গোপন ইশারা/ গোপন কথা
- **অনুরোধে ঢেঁকি গেলা** - অনুরোধে অসম্ভব কিছু করা
- **অন্ধকার দেখা** - হতবুদ্ধি
- **অন্ধের যষ্টি** - একমাত্র অবলম্বন
- **অপোগ-** - অকর্মণ্য
- **অমাবস্যার চাঁদ** - দুর্লভ বস্তু
- **অরণ্যে রোদন** - বৃথা আবেদন
- **অষ্টকপাল** - হতভাগ্য
- **অষ্টরম্ভা** - ফাঁকি
- **অহি নকুল** - ভীষণ শত্রুতা
- **অশীতিপর** - আশি বছরের বেশি বয়সের ব্যক্তি
- **অতি চালাকের গলায় দড়ি** - বেশি চালাকির অশুভ পরিণাম
- **আকাশ কুসুম** - অসম্ভব কল্পনা
- **আকাশ পাতাল** - বিশাল ব্যবধান
- **আকাশ ভেঙ্গে পড়া** - হঠাৎ বিপদ দেখা
- **আক্কেল গুড়ুম** - হতবুদ্ধি হওয়া
- **আক্কেল সেলামী** - বোকামির দ-
- **আঙ্গুল ফুলে কলা গাছ** - হঠাৎ ধনী হওয়া
- **আটকপালে** - হতভাগা
- **আটাশে ছেলে** - দুর্বল ছেলে
- **আদায় কাঁচকলায়** - ভীষণ শত্রুতা
- **আম জনতা** - সাধারণ মানুষ
- **আমড়া কাঠের ঢেঁকি** - অপদার্থ
- **আমড়াগাছি করা** - অযথা প্রশংসা করা
- **আমদুধে মেশা** - সুন্দর মিল
- **আষাঢ়ে গল্প** - আজগুবি গল্প, গাজাখুরি গল্প
- **আয়োসুয়ো** - সধবা স্ত্রীলোকের দল
- **ইঁচড়ে পাকা** - অকালপক্ব
- **ক অক্ষর গোমাংস** - মূর্খ বা অশিক্ষিত ব্যক্তি
- **কচ্ছপের কামড়** - নাছোড়বান্দা
- **কচু পোড়া** - অখ্যাদ্য
- **কচুবনের কালাচাঁদ** - অপদার্থ
- **কত ধানের কত চাল** - টের পাওয়ানো
- **কলা দেখানো** - ফাঁকি দেওয়া
- **কলির সন্ধ্যা** - দুর্দিনের সূত্রপাত
- **কলির কেষ্ট** - দুশ্চরিত্র
- **কলুর বলদ** - একটানা খাটুনি করে যে
- **কড়ায় গ-ায়** - সম্পূর্ণ
- **কংস মামা** - নির্মম আত্মীয়
- **কড়িকাঠ গনা** - কাজ না করে কাল হরণ
- **কাক নিদ্রা** - অগভীর নিদ্রা
- **কাঁচা পয়সা** - নগদ উপার্জন
- **কাঁচা বাঁশেঘুন ধরা** - অল্প বয়সে স্বভাব নষ্ঠ
- **কাঁঠালের আমসত্ব** - অসম্ভব বস্তু
- **কাঠের পুতুল** - নির্বাক
- **কানকাটা** - বেহায়া
- **কানপাতলা** - বিশ্বাসপ্রবণ
- **কানে তোলা** - কোন কথা উত্থাপন করা
- **কালে ভদ্রে** - কদাচিৎ
- **কাষ্ঠহাসি** - শুকনো হাসি
- **কিম্ভূতকিমাকার** - অদ্ভুত ও কুৎসিত
- **কুঁজড়োপনা** - ঝগড়াটে স্বভাব
- **কুম্ভিলক** - যে অপরের লেখা চুরি করে নিজের নামে চালায়।
- **কুম্ভীরাশ্রু** - মায়াকান্না, কপট অশ্রু
- **কুল কাঠের আগুন** - তীব্র জ্বালা
- **কুলোপরা চক্কর** - সারহীন আড়ম্বর
- **কূপম-ূক** - সীমাবদ্ধ জ্ঞান সম্পন্ন, ঘরকুনো
- **কূর্মঅবতার** - অলস
- **কেউকেটো** - সামান্য
- **কেঁচে-ূষ** - নতুন করে আরম্ভ করা
- **কেতাদুরস্থ** - পরিপাটি
- **কেবলা হাকিম** - অনভিজ্ঞ ও বোকা
- **কেষ্ট-বিষ্টু** - বিশিষ্ট লোক
- **কৈ মাছের প্রাণ** - দীর্ঘজীবী
- **কোলা ব্যাঙ** - বাকসর্বস্ব

- ❖ **ইতনিদকুঁড়ে** - অলস
- ❖ **ইতর বিশেষ** - পার্থক্য
- ❖ **ইঁদুর কপালে** - মন্দভাগ্য
- ❖ **ইলশে গুঁড়ি** - গুঁড়ি গুঁড়ি বৃষ্টি
- ❖ **উজানের কৈ** - সহজ লভ্য
- ❖ **উত্তম মধ্যম** - প্রহার
- ❖ **উনকোটি চৌষট্টি** - প্রায় সম্পূর্ণ
- ❖ **উনপাঁজুরে** - দুর্বল
- ❖ **উনপঞ্চাশ বায়ু** - পাগলামি, পাগলামি হাওয়া
- ❖ **উড়ে এসে জুড়ে বসা** - অনধিকার চর্চা
- ❖ **উড়নচন্ডী** - অমিতব্যয়ী
- ❖ **উড়োচিঠি** - বেনামি পত্র
- ❖ **উলুবনে মুক্তা ছড়ানো** - অপাত্রে মূল্যবান কিছু দান করা
- ❖ **এক ক্ষুরে মাথা কামানো- এক দলভুক্ত**
- ❖ **এক গোয়ালের গরু** - এক শ্রেণিভুক্ত
- ❖ **এক চোখা** - পক্ষপাত দুষ্ট
- ❖ **একাদশে বৃহস্পতি** - সৌভাগ্যের বিষয়
- ❖ **এসপার ওসপার** - মীমাংসা
- ❖ **এলাহী কান্ড** - বিরাট আয়োজন
- ❖ **এলেবেলে** - নিকৃষ্ট
- ❖ **ওজন বুঝে চলা** - আত্মসম্মান রক্ষা করা
- ❖ **ওষুধ করা** - বশ করা
- ❖ **ঔষধ ধরা** - সক্রিয় হওয়া
- ❖ **চক্ষু দান করা** - চুরি করা
- ❖ **চশমখোর** - সম্পূর্ণ বেহায়া
- ❖ **চড়ুই পাখির প্রাণ** - ক্ষীণজীবী লোক
- ❖ **চাঁদের হাট** - প্রিয়জন সমাগম
- ❖ **চিনির পুতুল** - শ্রমকাতুরে
- ❖ **চিনির বলদ** - ভারবাহী
- ❖ **চোখের চামড়া/পর্দা** - চক্ষু লজ্জা
- ❖ **চোখ খোলা রাখা** - সতর্ক থাকা
- ❖ **চোখের বালি** - শত্রু
- ❖ **চৌদ্দবুড়ি** - প্রচুর
- ❖ **ছ কড়া ন কড়া** - অপচয়/ অবহেলা করা
- ❖ **ছক্কা পাঞ্জা করা** - বড় বড় কথা বলা
- ❖ **ছাই চাপা আগুন** - গোপন রাগ
- ❖ **ছাই ফেলতে ভাঙা কুলা** - গুরুত্বহীন ব্যক্তিই শেষ রক্ষা
- ❖ **ছা-পোষা** - পোষ্য ভারাক্রান্ত
- ❖ **ছেলের হাতের মোয়া** - সহজ বস্তু
- ❖ **ছেঁড়া চুলে খোঁপা বাঁধা** - পরকে আপন করার চেষ্টা
- ❖ **জগদ্দল পাথর** - গুরুভার
- ❖ **জগা খিচুড়ি** - বিশৃঙ্খলা
- ❖ **খয়ের খাঁ** - তোষামুদে
- ❖ **খাবি খাওয়া** - ছটফট করা
- ❖ **খামকাজ** - ভুলকাজ
- ❖ **খাল কেটে কুমির আনা** - নিজের দোষে বিপদ ডেকে আনা
- ❖ **খাস তালুকের প্রজা** - খুব অনুগত ব্যক্তি
- ❖ **খোদার খাসি** - ভাবনাচিন্তাহীন এবং হৃষ্ঠ-পুষ্ট লোক ।
- ❖ **গজেন্দ্র গমন** - মৃদু মন্থর গমন
- ❖ **গ-গ্রাম** - অজপাড়া গাঁ
- ❖ **গড্ডলিকা প্রবাহ** - অন্ধ অনুকরণ
- ❖ **গদাই লস্করী চাল** - কুঁড়েমি
- ❖ **গভীর জলের মাছ** - যার অনেক বুদ্ধি আছে
- ❖ **গরমাগরম** - টাটকা, সতেজ
- ❖ **গরিবের ঘোড়া রোগ** - অবস্থার অতিরিক্ত অন্যায় ইচ্ছা
- ❖ **গরু মেরে জুতো দান** - বড় ক্ষতি করে সামান্য পূরণ
- ❖ **গলায় গামছা দেওয়া** - বাধ্য করা
- ❖ **গা করা** - উদ্যোগী হওয়া
- ❖ **গাছে কাঁঠাল গোফে তেল**- শুরুর আগেই ফলাফলের প্রত্যাশা
- ❖ **গায়েমাখা** - গুরুত্ব দেওয়া
- ❖ **গুরু চন্ডালী** - উঁচু নিচুর সহাবস্থান
- ❖ **গুড়ে বালি** - আশায় নৈরাশ্য
- ❖ **গোঁ ধরা** - এক গুঁয়েমি করা
- ❖ **গোঁফ খেজুরে** - অলস
- ❖ **গোবর গণেশ** - অকর্মণ্য, নিরেট মূর্খ
- ❖ **গোবরে পদ্মফুল** - নীচ কুলে মহৎ ব্যক্তি
- ❖ **গো-মূর্খ** - নিরেট মূর্খ
- ❖ **গোড়ায় গলদ** - প্রথমেই ত্রুটি
- ❖ **গোয়ার গোবিন্দ** - কান্ডজ্ঞানহীন
- ❖ **গোলস্নায় যাওয়া** - নষ্ট হওয়া
- ❖ **গৌড়চন্দ্রিকা** - ভূমিকা
- ❖ **ঘটিরাম** - অযোগ্য
- ❖ **ঘটি ডোবে না নামে তাল পুকুর** - যোগ্যতা ছাড়াই অহংকার দেখানো
- ❖ **ঘণ্টাগরুড়** - অকর্মণ্য লোক
- ❖ **ঘাটের মরা** - অতি বৃদ্ধ
- ❖ **ঘুঘু চড়ানো** - সর্বনাশ করা
- ❖ **ঘোড়ারোগ** - মাত্রাতিরিক্ত আকাঙ্ক্ষা
- ❖ **ঘোড়ার ডিম** - অলীক বস্তু
- ❖ **ঝিকে মেরে বৌকে শেখানো**-একজনের মাধ্যমে অপরকে শিক্ষাদান
- ❖ **ঝোপ বুঝে কোপ মারা** - সুযোগ মতো কাজ করা
- ❖ **টইটম্বুর** - কানায় কানায় পূর্ণ করা
- ❖ **টনক নড়া** - সজাগ হওয়া
- ❖ **টীকাভাষ্য** - দীর্ঘ আলোচনা
- ❖ **টুপ ভুজঙ্গ** - নেশায় বিভোর

- জলে কুমির ডাঙায় বাঘ - উভয় সঙ্কট
- জিলাপির প্যাঁচ - কুটিল
- জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ - ছোটবড় সব কাজ
- ঝরো কাক - বিপর্যস্ত
- ঝাকের কই - একই দলের লোক
- ঝারে বংশে - সবসুদ্ধ
- ঢক্কা নিনাদ - উচ্চ কণ্ঠে ঘোষণা
- ঢাক ঢাক গুড় গুড় - লুকোচুরি
- ঢাকের কাঠি - তোষামুদে, মোসাহেব
- ঢাকের বায়া - যার কোন মূল্য নেই
- ঢি ঢি পড়া - কলঙ্ক
- ঢেঁকি অবতার - নির্বোধ লোক
- তামার বিষ - অর্থের কুপ্রভাব
- তাসের ঘর - ক্ষণস্থায়ী
- তাল ঠোকা - সগর্ব উক্তি
- তাল পাতার সেপাই - অতিশয় দুর্বল
- ত্রিশঙ্কু অবস্থা - মধ্যাবস্থা
- তীর্থের কাক - প্রতীক্ষারত
